

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ২২৫২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০২২]

১৩। योकां (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ২৪. সদাকাহ্ যদি কোন ফাসিক বা অনুরূপ কোন অসৎ ব্যক্তির হাতে পড়ে তাহলেও দাতা এর সাওয়াব পাবে

باب ثُبُوتِ أَجْرِ الْمُتَصدِّقِ وَإِنْ وَقَعَتِ الصَّدَقَةُ فِي يَدِ غَيْرِ أَهْلِهَا

আরবী

حَدَّتَنِي سُوَيْدُ بْنُ سَعِيدٍ، حَدَّتَنِي حَفْصُ بْنُ مَيْسَرَةَ، عَنْ مُوسَى بْنِ عُقْبَةَ، عَنْ أَبِي، الزِّنَادِ عَنِ الأَعْرَجِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قالَ "قالَ رَجُلُ لأَتَصَدَّقَنَّ اللَّيْلَةَ بِصِدَقَةٍ فَخَرَجَ بِصِدَقَتِهِ فَوَضَعَهَا فِي يَدِ زَانِيَةٍ فَأَصْبُحُوا يَتَحَدَّثُونَ تُصندق اللَّيْلَة عَلَى زَانِيةٍ لأَتصدَّقَنَّ بِصِدَقَةٍ . فَخَرَجَ بِصِدَقَتِهِ فَوَضَعَهَا عَلَى زَانِيةٍ لأَتصدَّقَنَّ بِصِدَقَةٍ . فَخَرَجَ بِصِدَقَتِهِ فَوضَعَهَا فِي يَدِ غَنِي فَأَصْبُحُوا يَتَحَدَّثُونَ تُصندق عَلَى غَنِي . قالَ اللَّهُمَّ لَكَ الْحَمْدُ عَلَى غَنِي لاَتُصَدَّقَتْ بَصَدَقةٍ . فَخَرَجَ بِصِدَقَتِهِ فَوضَعَهَا فِي يَدِ سَارِقٍ فَأَصْبُحُوا يَتَحَدَّثُونَ تُصند قَلِه لاَتُصَدَّقَ عَلَى عَنِي وَعَلَى عَنِي وَعَلَى عَنِي وَعَلَى عَالِي وَاللَّهُمُّ لَكَ الْحَمْدُ عَلَى زَانِيةٍ وَعَلَى عَنِي وَعَلَى سَارِقٍ . فَقَالَ اللَّهُمَّ لَكَ الْحَمْدُ عَلَى زَانِيةٍ وَعَلَى غَنِي وَعَلَى سَارِقٍ . فَقَالَ اللَّهُمَّ لَكَ الْحَمْدُ عَلَى زَانِيةٍ وَعَلَى غَنِي وَعَلَى سَارِقٍ . فَقَالَ اللَّهُمَّ لَكَ الْحَمْدُ عَلَى زَانِيةٍ وَعَلَى غَنِي وَعَلَى سَارِقٍ . فَقَالَ اللَّهُمُ لَكَ الْحَمْدُ عَلَى زَانِيةٍ وَعَلَى غَنِي وَعَلَى سَارِقٍ . فَقَالَ اللَّهُمَّ لَكَ الْحَمْدُ عَلَى زَانِيةٍ وَعَلَى غَنِي وَعَلَى سَارِقٍ . فَقَالَ اللَّهُمَّ لَكَ الْحَمْدُ عَلَى زَانِيةٍ وَعَلَى غَنِي وَعَلَى اللَّهُ وَلَعَلَّ الْغَنِيَّ يَعْتَبِرُ فَيُنْفِق مُ مِمَّا أَعْطَاهُ اللَّهُ وَلَعَلَّ السَّارِقَ يَسْتَعِفُ بِهَا عَنْ سَرِقَتِهِ " .

বাংলা

২২৫২-(৭৮/১০২২) সুওয়াইদ ইবনু সাঈদ (রহঃ) আবৃ হুরায়রাহ (রাযিঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ এক ব্যক্তি বলল, আমি আজ রাতে কিছু দান-খয়রাত করব। অতঃপর সে সাদাকা নিয়ে বের হয়ে এক যিনাকারীকে তা অর্পণ করল। ভোরে লোকেরা বলাবলি করতে লাগল যে, আজ রাতে এক ব্যক্তি যিনাকারীকে দান-খয়রাত করেছে। অতঃপর সে ব্যক্তি বলল, হে আল্লাহ! সকল প্রশংসা তোমার জন্য। আমার প্রদন্ত সাদাকা তো যিনাকারীর হাতে গিয়ে পড়েছে। এরপর সে (আবার) বলল, আজ আমি আরো কিছু সাদাকা করব। অতঃপর সে তা নিয়ে বের হয়ে এক ধনী লোকের হাতে অর্পণ করল। লোকজন ভোরে আলাপ করতে লাগল যে, আজ রাতে কে যেন এক ধনী লোককে সাদাকা দিয়ে গেছে। সে বলল, হে আল্লাহ! সকল প্রশংসা তোমার জন্য। আমার সাদাকা তো ধনীর হাতে গিয়ে পড়েছে। তারপর সে পুনরায় বলল, আমি আজ রাতে কিছু সাদাকা দিব। সাদাকা নিয়ে বের হয়ে সে এক চোরের হাতে অর্পণ করল। অতঃপর সকালে লোকজন



বলাবলি করতে লাগল। আজ রাতে কে যেন চোরকে সাদাকা দিয়েছে। সে বলল, হে আল্লাহ! সকল প্রশংসা তোমারই। আমার প্রদত্ত সাদাকা যিনাকারী, ধনী ও চোরের হাতে পড়ে গেছে।

অতঃপর এক ব্যক্তি (মালাক বা সে যুগের কোন নবী) এসে তাকে বলল, তোমার প্রদন্ত সকল সাদাকা্ই কবুল হয়েছে। যিনাকারীকে দেয়া সাদাকা কবুল হওয়ার কারণ হলো- সম্ভবতঃ সে ঐ রাতে যিনা থেকে বিরত ছিল (কেননা সে পেটের জ্বালায় এ কাজ করত) ধনী ব্যক্তিকে যে সাদাকা দেয়া হয়েছিল তা কবুল হওয়ার কারণ হলো ধনী ব্যক্তি এতে লজ্জিত হয়ে হয়ত নাসীহাত গ্রহণ করেছে এবং আল্লাহর দেয়া সম্পদ থেকে সেও দান করবে বলে সক্ষল্প করেছে। আর চোরকে দেয়া সাদাকা কবুল হওয়ার কারণ হলো সম্ভবতঃ সে ঐ রাতে চুরি থেকে বিরত ছিল। কেননা সেও পেটের তাগিদে চুরি করত। (ইসলামিক ফাউন্ডেশন ২২৩১, ইসলামীক সেন্টার ২২৩২)

English

Abu Huraira reported Allah's Apostle (ﷺ) as saying:

A man expressed his intention to give charity, so he came out with charity and placed it in the hand of an adulteress. In the morning, the people were talking and saying: charity was given to an adulteress last night. He (the giver of Sadaga) said: 0 Allah, to Thee be the praise-to an adulteress. He then again expressed his intention to give charity; so he went out with the charity and placed it in the hand of a rich person. In the morning the people were talking and saying: Charity was given to a rich person. He (the giver of charity) said: 0 Allah, to Thee be the praise-to a well-to-do person. He then expressed his intention to give charity, so he went out with charity and placed it in the hand of a thief. In the morning, the people were talking and saying: Charity was given to a thief. So (one of the persons) said: 0 Allah, to Thee be the praise (what a misfortune it is that charity has been given to) the adulteress, to a rich person, to a thief! There came (the angel to him) and he was told: Your charity has been accepted. As for the adulteress (the charity might become the means) whereby she might restrain herself from fornication. The rich man might perhaps learn a lesson and spend from what Allah has given him, and the thief might thereby refrain from committing theft.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন